

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০৪৮  
বিশালগড়, ০৬ ডিসেম্বর, ২০২৩

**প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা**  
**বিশালগড় ব্লকে মৎস্যচাষে সহায়তা**

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় চলতি অর্থবছরে বিশালগড় ব্লকে ১৬৫ জন মৎস্যচাষীকে বিভিন্ন সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় ব্লকের ২ জন মৎস্যচাষীকে হ্যাচারি নির্মাণে সহায়তা দেওয়া হয়েছে। ৩৫ জন মৎস্যচাষীকে মাছচাষের জন্য নতুন পুকুর খনন করে দেওয়া হচ্ছে। ইতিমধ্যেই ১৪টি পুকুর খননের কাজ সমাপ্ত হয়েছে। এতে ব্লকের ৫.৭৬ হেক্টর জলাশয় মৎস্যচাষের আওতায় আসবে। এই যোজনায় বিশালগড় ব্লকে ১২৫ জন মৎস্যচাষীকে নিবিড় ও মিশ্র মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। তাছাড়াও ব্লকের ৩ জন মৎস্যচাষীকে উৎপাদিত মাছ বাজারজাত করার জন্য আইস বক্স সহ অটো ও মোটর সাইকেল দেওয়া হয়েছে। এজন্য মোট ব্যয় হয়েছে ৮ লক্ষ ৭০ হাজার টাকা।

\*\*\*\*\*